



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/13/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীদের সুরক্ষা করার আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.8417B/A.9601B) গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীদের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করে

গভর্নর ক্যাথি হোকল আজ বৈষম্য থেকে গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীদের রক্ষা করার আইনে স্বাক্ষর করেছেন। আইন (S.8417B/A.9601B) গার্লস্টি সহিংসতার শিকারদের জন্য বৈষম্যের ক্ষেত্রগুলিতে সুরক্ষা প্রসারিত করে যেখানে সেগুলির পূর্বে নিশ্চয়তা ছিল না, যেমন আবাসন এবং সর্বজনীন বাসস্থান। এই আইনে স্বাক্ষর করার মাধ্যমে, গভর্নর হোকল তার 2022 স্টেট অফ দ্য স্টেটে (2022 State of the State) প্রস্তাবিত একটি প্রধান আইনী অগ্রাধিকার সম্পন্ন করেছেন।

"মহামারীটির ফলে গার্লস্টি এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ক্ষেত্রে এক হৃদয়বিদারক বৃদ্ধি হয়েছে, এবং নিউ ইয়র্ককে ভুক্তভোগীদের রক্ষা করার জন্য শক্ত হয়ে দাঁড়াতে হবে," **গভর্নর হোকল বলেছেন।** "যখন থেকে আমি আমার মাকে গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীদের জন্য একটি গৃহ খুলতে সাহায্য করেছি, তখন থেকে আমি ভুক্তভোগীদের পাশে দাঁড়াতে এবং সমর্থন করার জন্য আমার ক্ষমতার সব কিছু করাকে ব্যক্তিগত অগ্রাধিকার প্রদান করেছি। আমি এই আইনে স্বাক্ষর করতে পেরে গর্বিত, যা ভুক্তভোগীরা যাতে বৈষম্য বা প্রতিশোধের ভয় ছাড়াই নিরাপদে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলি অ্যাক্সেস করতে পারেন তা নিশ্চিত করার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

এই বিলটি মানবাধিকার আইনের (Human Rights Law) অধীনে কভারেজকে প্রসারিত করবে এবং আবাসন, শিক্ষা ও পাবলিক বাসস্থান সহ নিউ ইয়র্কের বৈষম্য বিরোধী আইনের অন্তর্ভুক্ত প্রতিটি প্রসঙ্গে গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীদের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করে পারিবারিক সহিংসতার ভুক্তভোগীদের জন্য ডিভিশন অফ হিউম্যান রাইটসের (Division of Human Rights) অভিযোগ প্রক্রিয়ার অ্যাক্সেস উন্নত করবে।

এর আগে, গার্লস্টি সহিংসতার ভুক্তভোগীরা শুধুমাত্র মানবাধিকার আইনের কর্মসংস্থান বিধানের অধীনে একটি সংরক্ষিত শ্রেণী হিসেবে আওতাভুক্ত ছিল। তবে, কর্মসংস্থানই একমাত্র প্রেক্ষাপট নয় যেখানে একজন ভুক্তভোগী বৈষম্যের সম্মুখীন হতে পারেন, যা এই সম্প্রসারণকে অন্যান্য ক্ষেত্রে, যেমন আবাসন এবং সর্বজনীন বাসস্থানের ক্ষেত্রে প্রসারিত করা আবশ্যিক করে, এবং

আরও একটি ভুক্তভোগী-কেন্দ্রিক, ট্রমা-অবহিত, এবং ভুক্তভোগীদের জন্য নিউ ইয়র্ক স্টেটের সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল দৃষ্টিভঙ্গী প্রতিষ্ঠা করে।

নিউ ইয়র্কের মানবাধিকার আইন (New York's Human Rights Law) দেশের সব চেয়ে পুরনো বৈষম্য-বিরোধী আইন, এবং নিউ ইয়র্ক প্রথম স্টেট যা বৈষম্য-বিরোধী আইন প্রয়োগের জন্য একটি স্থায়ী এজেন্সি তৈরি করে। আজ গভর্নরের স্বাক্ষরিত বিলটি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনের সুরক্ষা সম্প্রসারণের চলমান প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে এবং নিশ্চিত করে যে সকল নিউ ইয়র্কবাসীরা বৈষম্য থেকে মুক্ত থাকতে পারেন।

স্টেট সিনেটর রোক্সান পারসাইড বলেছেন, "গার্হস্থ্য সহিংসতার শিকার এবং ভুক্তভোগীদের প্রতি বৈষম্য তাদের জীবন পুনরুদ্ধার এবং পুনর্গঠনে ইতিমধ্যেই যে বাধাগুলির সম্মুখীন হয় তা আরও বাড়িয়ে তোলে। আবাসন, ক্রেডিট, সরকারী বাসস্থান, শিক্ষাগত প্রতিষ্ঠান এবং অন্যান্য ক্ষেত্রে যেখানে ভুক্তভোগীরা অযৌক্তিক অসুবিধার সম্মুখীন হন সেখানে বৈষম্যের বিরুদ্ধে এই সুরক্ষাগুলি কোড করার জন্য গভর্নর হোকলের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত। আমি আমার সহকর্মী অ্যাসেসম্বলি সদস্য নিকি লুকাসের কাছেও কৃতজ্ঞ এই অত্যন্ত গুরুত্বপূর্ণ আইনটি প্রবর্তন করার জন্য। কোনো নিউ ইয়র্কবাসীকে গার্হস্থ্য সহিংসতার শিকার বা ভুক্তভোগী হিসেবে বৈষম্যের সম্মুখীন হতে হবে না।"

অ্যাসেসম্বলির সদস্য নিকি লুকাস বলেছেন, "গার্হস্থ্য সহিংসতার ভুক্তভোগীরা অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হন তবে বৈষম্যের বিরুদ্ধে লড়াই করা সেগুলির মধ্যে একটি হওয়া উচিত নয়। এই বিলটি মানবাধিকার আইনের অধীনে ভুক্তভোগীদের জন্য সুরক্ষা যোগ করে যা এই আইনের আগে শুধু কর্মসংস্থান বৈষম্যের বিরুদ্ধে ভুক্তভোগীদের রক্ষা করেছিল। এই বিলে সরকারি-সহায়তা করা আবাসন, ব্যক্তিগত আবাসন, শিক্ষানবিশ প্রশিক্ষণের প্রোগ্রাম, সরকারি থাকার জায়গা, রিয়েল এস্টেট পেশাদার এবং অন্যান্য ক্ষেত্রে সুরক্ষা অন্তর্ভুক্ত রয়েছে। আমি রোমাঞ্চিত যে আইনটি সর্বসম্মতভাবে পাস করা হয়েছে, যেখানে রিপাবলিকান এবং ডেমোক্রেট উভয়ই বিলটির পক্ষে ভোট দিয়েছে। আমি সমানভাবে রোমাঞ্চিত যে গভর্নর হোকল এত দ্রুত এই বিলটি আইনে স্বাক্ষর করার বিষয়টিকে অগ্রাধিকার দিয়েছেন।"

গার্হস্থ্য সহিংসতা একটি গুরুতর সমস্যা যার সম্মুখীন কয়েক হাজার নিউ ইয়র্কবাসী, প্রধানত নারীরা। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স (New York State Office for the Prevention of Domestic Violence, OPDV) অনুসারে, 2020 সালে, নিউ ইয়র্ক স্টেটে 165,577টি গার্হস্থ্য সহিংসতার আদেশ জারি করা হয়েছিল। কোভিড-19 মহামারী চলাকালীন, সমস্যাগুলি আরও বেড়ে গিয়েছিল যখন নিউ ইয়র্ক স্টেট হটলাইনে কলগুলি প্রায় 45 শতাংশ বৃদ্ধি পেয়েছিল।

এই আইনটি এই বছরের প্রণীত অর্থবছর 2023 বাজেট থেকে গভর্নর যা অর্জন করেছিলেন তার উপর ভিত্তি করে গড়ে তুলেছে, যার মধ্যে গার্হস্থ্য সহিংসতা এবং যৌন নিপীড়ন প্রতিরোধ কর্মসূচির জন্য ভুক্তভোগীদের এবং তাদের পরিবারের জন্য সহায়তায় প্রায় 90 মিলিয়ন ডলারের অর্থায়ন অন্তর্ভুক্ত। ফেডারেল ভিকটিমস অফ ক্রাইম অ্যাক্ট অর্থায়নে উল্লেখযোগ্য ক্ষতি সত্ত্বেও গভর্নর অফিস অফ ভিকটিম সার্ভিসেস (Office of Victim Services) 14.4 মিলিয়ন ডলার বরাদ্দ

করেছেন ভুক্তভোগীদের জন্য পরিষেবা প্রদানকারীদের সমর্থন করার উদ্দেশ্যে যাতে
প্রোগ্রামগুলিকে কোন বাধা ছাড়াই তাদের কাজ চালিয়ে যেতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418